দৈনিক ইত্তেফাক
তারিখ ... 30 OCT 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

10

# মাদ্রাসা বোর্ডের তিনটি পরীক্ষার ফল প্রকাশ

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (সোমবার) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৯৯০ সালের আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার ফলাফল প্রকাশিত হইয়াছে। পাসের হার ঃ আলিম-৪৪ দশমিক ৯৬, ফাজিল-৪৬ দশমিক ৭০ এবং কামিল-৬০ দশমিক ১৬।

গতকাল অপরাহ্নে সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক সাংবাদিক সম্মেলনে প্রেসি-

( ১১শ পৃঃ দ্রঃ )

## মাদ্রাসা বোর্ডের ফল

( ১ম পৃঃ পর )

ডেন্টের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বিষয়ক উপদেষ্টা মনসুর আলী সরকার ফলাফল প্রকাশ করেন।

তিনি জানান, নকলপ্রবণতা রোধে সরকারের বলিষ্ঠ পদক্ষেপের ফলে বিগত বছরের তুলনায় এই বছর পাসের হার গড়ে প্রায় দশ শতাংশ হ্রাস পাইয়াছে।

আলিম পরীক্ষায় ২৫ হাজার ৬ শত ২৬ জন পরীক্ষার্থীর মধ্যে ৩ শত ৪৯ জন প্রথম বিভাগে, ৪ হাজার ৬ শত ২৬ জন দ্বিতীয় বিভাগে এবং ৬ হাজার ৫ শত ৪৮ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হন। ১৫ হাজার ১ শত ৯৯ জন ফাজিল পরীক্ষার্থীর মধ্যে ৭ হাজার ৯৯ জন পাস করিয়াছেন। মাত্র ৩৭ জন প্রথম বিভাগ লাভ করেন। দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ ২ হাজার ১ শত ৭৩ জন। কামিল পরীক্ষার্থী ছিলেন ৯ হাজার ১ শত ৫৫ জন। ১ শত ৪ জন প্রথম বিভাগে ও ২ হাজার ৫ শত ৯৩ জন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হন। তৃতীয় বিভাগে পাস করেন ২ হাজার ৮ শত ১১ জন।

এই বছর পরীক্ষায় অসদুপায় অবলম্বন প্রতিরোধে কর্তৃপক্ষ কড়াকড়ি ব্যবস্থা নেওয়ায় পরীক্ষার্থী বহিষ্কারের সংখ্যা ব্যাপকভাবে বৃদ্ধি পাইয়াছে। এ বছর আলিম পরীক্ষায় বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা ২ হাজার ৬ শত ৮ জন। পূর্ববর্তী বছরে একই পরীক্ষায় বহিষ্কৃত হইয়াছিল ১ হাজার ৬ শত ৩৯ জন। গত বছরের চাইতে এই বছরে দ্বিগুণেরও বেশী বহিষ্কৃত হইয়াছে। ফাজিল পরীক্ষায়, গত বছর পরীক্ষার্থী বহিষ্কার হয় ৮শত ১৭জন আর এবছর ১ হাজার ৬শত ৪৬ জন। কামিল পরীক্ষায় এই বছর বহিষ্কৃত হয় ৫ শত ৫০জন, আর গত বছর হইয়াছিল ৪শত ৭২ জন।